

**আজ মহান  
শিক্ষা দিবস**

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

আজ ১৭ই সেপ্টেম্বর, মহান শিক্ষা দিবস। আজ হইতে ২৫ বছর আগে ১৯৬২ সালের এই দিনে শিক্ষা কমিশন রিপোর্টের বিরুদ্ধে তৎকালীন পূর্ব পাকিস্তানের সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ হরতাল আহ্বান করিয়াছিল। এই হরতালের দিনে (২য় পৃ: ৩:)

**আজ মহান শিক্ষা দিবস**

(১ম পৃ: পর)

ঢাকার ছাত্রদের মিছিলের উপর পুলিশের গুলীতে ওয়াজিউল্লাহ ও মোস্তফা নিহত হয়। দিনটিকে যথাযোগ্য মর্যাদায় পালন করার জন্য বিভিন্ন ছাত্র সংগঠন ও তাহাদের জোট কর্মসূচী গ্রহণ করিয়াছে। সপ্তাহব্যাপী পৃথক পৃথক কর্মসূচীর শেষ দিনে ছাত্র সংগ্রাম পরিষদের ৮ দল সমন্বিত অংশ, সংগ্রামী ছাত্র জোট সচিবালয়ের সামনে অবস্থান ও সমাবেশের আয়োজন করিয়াছে। ছাত্র সংগ্রাম পরিষদের ৫-দল সমন্বিত অংশ সকাল ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনারে পৃথক সমাবেশ শেষে শিক্ষা মন্ত্রণালয়ের সামনে অবস্থান ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করিয়াছে। ইহা ছাড়া ছাত্র এক্য ফোরাম ও ছাত্রলীগ (আজিজ-মীরাজ) সকাল ১১টায় মধুর কেট্টিন প্রাঙ্গণে জমায়েত ও বিক্ষোভ মিছিল; ছাত্রলীগ (শা-ই) বিকাল ৪ টায় ১১নং বঙ্গবন্ধু এভেনিউস্থ কেন্দ্রীয় কার্যালয়ের সামনে ছাত্র-গণজমায়েত; জাতীয় ছাত্রদল বিকাল ৪টায় টি, এস, সি চত্বরে আলোচনা সভার আয়োজন করিয়াছে। জাতীয় ছাত্রলীগ সকাল ১০টায় কেন্দ্রীয় কার্যালয়ে জমায়েত শেষে সচিবালয়ের সামনে অবস্থান ধর্মঘটের কর্মসূচী লইয়াছে। এদিকে শিক্ষা দিবস পালন উপলক্ষে ছাত্রলীগ (মু-না) গতকাল (বুধবার) জাতীয় প্রেসক্লাবের সামনে এক ছাত্র-গণজমায়েতের আয়োজন করে। জমায়েতে একটি গণস্বাক্ষরী শিক্ষার লড়াইকে আপোষহীনভাবে আগাইয়া নেওয়ার জন্য সকল গণতান্ত্রিক শক্তিসমূহের প্রতি আহ্বান জানানো হইয়াছে।